

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭২২

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

ٱلْبُكَاءُ عَلَى الْمَيِّتِ

### আরবী

عَنْ أَنَسٍ قَالَ: دَخَلْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أَبِي سَيْفِ الْقَيْنِ وَكَانَ ظِنْرًا لِإِبْرَاهِيمَ فَقَبَّلَهُ وَشَمَّهُ ثُمَّ دَخَلْنَا ظِنْرًا لِإِبْرَاهِيمَ فَقَبَّلَهُ وَشَمَّهُ ثُمَّ دَخَلْنَا عَلَيْهِ بَعْدَ ذَلِكَ وَإِبْرَاهِيمُ يَجُودُ بِنَفْسِهِ فَجَعَلَتْ عَيْنَا رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ تَذْرِفَانِ. فَقَالَ لَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ: وَأَنْتَ يَا رَسُولَ اللَّهِ؟ فَقَالَ: يَا ابْنَ عَوْفٍ إِنَّهَا تَذْرِفَانِ. فَقَالَ لَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ: وَأَنْتَ يَا رَسُولَ اللَّهِ؟ فَقَالَ: يَا ابْنَ عَوْفٍ إِنَّهَا رَحْمَةُ ثُمَّ أَتْبَعَهَا بِأُخْرَى فَقَالَ: إِنَّ الْعَيْنَ تَدْمَعُ وَالْقَلْبَ يَحْزَنُ وَلَا نَقُولُ إِلَّا مَا يُرْضِي رَبَّنَا وَإِنَّا بِفِرَاقِكَ يَا إِبْرَاهِيم لَمَحْزُونُونَ

#### বাংলা

১৭২২-[১] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে আবৃ সায়ফ কর্মকারের ঘরে প্রবেশ করলাম। তিনি ছিলেন রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর পুত্র ইব্রাহীমের ধাত্রীর স্বামী। রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম ইবরাহীমকে কোলে তুলে নিলেন, চুমু খেলেন ও ভঁকলেন। এরপর আমরা আবার একদিন আবৃ সায়ফ-এর ঘরে গেলাম। এ সময় নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তনয় মৃত্যু শয্যায়। (তার এ অবস্থা দেখে) রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর দু'চোখ বেয়ে পানি গড়িয়ে পড়তে লাগল। এ অবস্থা দেখে 'আবদুর রহমান ইবনু 'আওফ আরয় করলেন, হে আল্লাহর রস্ল! আপনি কাঁদছেন! তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ হে ইবনু 'আওফ! এটা আল্লাহর রহমত। তারপরও তাঁর দু'চোখ বেয়ে পানি পড়তে লাগল। তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ চোখ পানি বহাচ্ছে, হৃদয় শোকাহত। কিন্তু এরপরও আমাদের মুখ দিয়ে এমন শব্দ বেরুচ্ছে যার জন্য আমাদের পরওয়ারদিগার আমাদের ওপর সন্তুষ্ট। হে ইব্রাহীম! আমরা তোমার বিচ্ছেদে খুবই শোকাহত। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট



[1] সহীহ: বুখারী ১৩০৩, মুসলিম ২৩১৫, শু আবুল ঈমান ৯৬৮৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ছেলে ইব্রাহীম মারা যাওয়ার পর তিনি তাকে চুম্বন করেছিলেন। এ থেকে এ প্রমাণ পাওয়া যায় যে, কোন ব্যক্তি মারা গেলে তাকে চুমু দেয়া জায়িয আছে। এ ছাড়া এ হাদীসে আরো যে বিষয়টি উল্লেখযোগ্য তা হল, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চৌখ থেকে পানি পড়েছিল অর্থাৎ ইব্রাহীম মারা যাওয়ার কারণে তিনি কেঁদেছিলেন। এখানে প্রশ্ন দেখা দেয় যে, কারো সন্তান মারা গেলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ধৈর্য ধারণ করার উপদেশ দিতেন। কিন্তু নিজের সন্তান মারা যাওয়ার পর কান্না করলেন কেন? এর উত্তর হচ্ছে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এই কান্না আফসোস বা হা-হুতাশ করার জন্য ছিল না। বরং এটা ছিল সন্তানের প্রতি দয়া ও মমতার বহিঃপ্রকাশ। এ ধরনের কান্না নিষিদ্ধ নয়। বরং এটা আরো প্রশংসনীয় এজন্য যে, এর দ্বারা ব্যক্তির অন্তরের নম্বতা ও স্নেহশীলতা প্রকাশ পায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন